বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

দৈনিক বাংলা

৫৭

তারিখ 3 1 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 3

# ভারত থেকে এক বছরে ৪ কোটি টাকার পুস্তক আমদানী

(স্টাফ রিপোর্টার)

বাণিজ্য মন্ত্রী জনাব এম, এ সাত্তার মঙ্গলবার জাতীয় সংসদে বলেন যে ৮৭-৮৮ অর্থ বছরে ভারত থেকে ৪ কোটি ৫ লাখ টাকা মূল্যের পুস্তক আমদানী করা হয়। এ সময় বাংলাদেশ থেকে ভারতে রফতানী হয় ৬

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## পুস্তক আমদানী

(১ম পৃঃ পর)

লাখ ৬১ হাজার টাকা মূল্যের পুস্তক।

জনাব নূরুল ইসলাম মনির এক প্রশ্নের জবাবে তিনি একথা জানান।

তিনি বলেন যে ভারতে প্রকাশিত পুস্তকের সংখ্যা বাংলাদেশের চেয়ে অনেক বেশী বিধায় অবাধ আমদানী নীতির ফলে অধিক পরিমাণ পুস্তক সে দেশ থেকে আমদানী করা হয়ে থাকে। বাংলাদেশের প্রকাশিত পুস্তকের সংখ্যা তুলনামূলকভাবে অনেক কম। সে কারণে রফতানীর পরিমাণ সীমিত। ভারতে অধিক পরিমাণ বাংলাদেশী পুস্তক রফতানী করে এই বৈষম্য দূরীকরণের জন্য সরকার সচেষ্ট।

জনাব সাঈফ হাফিজুর রহমান খোকনের এক প্রশ্নের জবাবে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী শাহ্ মোয়াজ্জেম হোসেন বলেন যে ৮৮-৮৯ অর্থ বছরে দেশের বিভিন্ন কলকারখানায় শ্রমিক ধর্মঘটের ফলে ১ কোটি ৩০ লাখ ৭২ হাজার টাকা ক্ষতি হয়।